কারকিউমিন

কারকিউমিনয়েডস ইউএসপি ৫০০ মিগ্রা

বিবরনঃ টারমেরিকের মূল উপাদান কারকিউমিন একটি প্রাকৃতিক প্রদাহনাশক ঔষধ যা বহু বছর ধরে প্রদাহজনিত বিভিন্ন রোগের জন্য ব্যবহৃত হয়ে আসছে। টারমেরিকের শক্তিশালী প্রদাহনাশক, অ্যান্টিঅক্সিডেন্ট এবং জীবানুনাশক বৈশিষ্ট্য রয়েছে। এছাড়া পরিপাক তন্ত্রের বিভিন্ন সমস্যা যেমনঃ বদহজম, পরিপাক তন্ত্রে *Helicobacter pylori* জীবানুর সংক্রমণ, পেট ফাঁপা, পেটে ব্যথা, আইবিএস এবং ক্রোন্স ডিজিস ।

Curcuma longa এর সক্রিয় উপাদানগুলি হল ফ্ল্যাভোনয়েড কারকিউমিন এবং বিভিন্ন ধরনের ভোলাটাইল অয়েল যেমনঃ টামেরন, অ্যাটলান্টন ও জিনজিবেরন। ভিটামিন সি এবং ই এর তুলনায় কারকিউমিন শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট কার্যকারিতা প্রদর্শন করে।

উপাদানঃ প্রতিটি ট্যাবলেটে আছে কারকিউমিনয়েডস ইউএসপি ৫০০ (*Curcuma longa*)মিগ্রা।

কার্যকারিতা ও ব্যবহারঃ রিউমাটয়েড আর্থ্রাইটিস, অস্টিওআর্থ্রাইটিস, বদহজম।

সেবন মাত্রা ও সেবন বিধিঃ প্রতিদিন ১-২ টা ট্যাবলেটে দৈনিক ২-৩ বার, খাবারের পর অথবা চিকিৎসকের পরামর্শে সেব্য।

প্রতিনির্দেশনাঃ পিত্তথলিতে এই ড্রাগের উদ্দীপক প্রভাব রয়েছে, পিত্ত নালীতে কোন ব্লকেজ থাকলে এটি সেবন করা উচিত নয়। রোগীর পিত্তথলিতে পাথর বা অন্য কোন ব্যাধিতে আক্রান্ত হলে এটি সেবনে পেটে ব্যথা হতে পারে সেক্ষেত্রে চিকিৎসকের পরামর্শে সেবন করতে হবে।

গর্ভাবস্থায়ঃ গর্ভাবস্থায় কারকিউমিনয়েডস সেবন নিরাপদ কিনা তার সুনির্দিষ্ট তথ্য এখনও প্রতিষ্ঠিত নয়।

স্তন্যদানকালে ব্যবহারঃ মায়ের দুধের সাথে কারকিউমিনয়েডস এর নিঃসরন এবং নবজাতক শিশুর উপর এর প্রভাবের সুনির্দিষ্ট তথ্য এখনও প্রতিষ্ঠিত হয়নি।এই জাতীয় তথ্য না পাওয়া পর্যন্ত চিকিৎসকের পরামর্শ ছাড়া স্তন্যদানের সময় কারকিউমিনয়েডস ব্যবহার করা উচিত নয়।

পার্শ্ব-প্রতিক্রিয়াঃ নির্দেশিত মাত্রায় শরীরের জন্য সহনশীল। অতিমাত্রায় গ্রহনে পাকস্থলির অস্বস্তি পরিলক্ষিত হতে পারে।

অন্য ওষুধের সাথে ক্রিয়াঃ এখন পর্যন্ত কোন তথ্য জানা যায়নি।

সংরক্ষণঃ আলো থেকে দূরে ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন, শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনাঃ প্রতিটি বক্সে আছে ৩ X ১০ ট্যাবলেট অ্যালু- অ্যালু ব্লিস্টার প্যাকে।

IBN SINA
দি ইবনেসিনা ন্যাচারাল মেডিসিন (হারবাল বিভাগ)
সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।